

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন শাখা-১

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.২০.০৮৩.১২ (অংশ-২)-২৯৬

তারিখঃ ০৭ মার্চ ২০১৭ খ্রিঃ।

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা

স্থানীয় সরকার বিভাগ

৮৩/বি-১৮, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরের স্থানীয় সরকার বিভাগের সংশোধিত অননুন্নয়ন বাজেটে (কোড নং-৩-৩৭০৫-৩৭৪৭-৫৯২৯) 'গাড়ী বাবদ মঞ্জুরী' খাতে বরাদ্দকৃত অর্থ হইতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অনুকূলে ৫০.০০ (পঞ্চাশ কোটি) টাকা ছাড়করণ প্রসংগে।

জনাব,


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানাইতেছি যে, অর্থ বিভাগের ৩০.০৮.২০০০ তারিখের সম/অবি/উঃ-১/বিবিধ-৪৬/৯৭/৪৬৯ নম্বর স্মারকের মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ক্ষমতাবলে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের বর্জ্য পরিবহনে ব্যবহারের জন্য ৬৪ টি গাড়ী [(৫ টন খোলা ট্রাক (ট্রিপিং সিস্টেম)-৪টি এবং ৩ টন খোলা ট্রাক (ট্রিপিং সিস্টেম)-৬০টি) নিম্নোক্ত শর্তে ক্রয়ের নিমিত্ত ২০১৬-২০১৭ অর্থ বছরের স্থানীয় সরকার বিভাগের সংশোধিত অননুন্নয়ন বাজেটে (কোড নং-৩-৩৭০৫-৩৭৪৭-৫৯২৯) 'গাড়ী বাবদ মঞ্জুরী' খাতে বরাদ্দকৃত ৫০.০০ কোটি (পঞ্চাশ কোটি) টাকা অবমুক্তকরণে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করা হইল।

২। এই ব্যয় চলতি ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৩, হিসাবের খাত ৩-৩৭০৫-৩৭৪৭-৫৯২৯ 'গাড়ী বাবদ মঞ্জুরী' খাতে বরাদ্দকৃত ৫০.০০ কোটি (পঞ্চাশ কোটি) টাকা হইতে মিটানো হইবে।

৩। এই অর্থ ছাড়ে অর্থ বিভাগের ০৭/০৩/২০১৭ খ্রিঃ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৯৮.২০১৭-৯১ নম্বর স্মারকে নিম্নোক্ত শর্তে সম্মতি প্রদান করা হইয়াছেঃ

- মোটরযান ক্রয়ের ক্ষেত্রে PPR'২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে পরিপালন করিতে হইবে;
- ই-জিপি'র মাধ্যমে প্রস্তাবিত যান-যন্ত্রপাতি ক্রয় প্রক্রিয়া করতে হবে;
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হইলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকিবেন।
- ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ শে জুন ২০১৭ এর মধ্যে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে।

৪। মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এই মঞ্জুরীকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করিবেন। তিনি এই অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করিবেন।




মোঃ মাহমুদুল আলম
উপসচিব
ফোনঃ ৯৫৭৩৬২৫

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.২০.০৮৩.১২ (অংশ-২)-২৯৬

তারিখঃ ০৭ মার্চ ২০১৭ খ্রিঃ।

পৃষ্ঠাংকনপূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি-১৮, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা-কে অবহিতকরণের জন্য অনুরোধসহ জারীকৃত জি.ও এর ৩(তিন)টি অনুলিপি সিনিয়র সহকারী সচিব (বাজেট-১১), অর্থ বিভাগ বরাবরে প্রেরণ করা হ'ল।



মোঃ মাহমুদুল আলম
উপসচিব

স্মারকনং-০৭.১১১.০৩১.০১.০০.০৯৮.২০১৭-

তারিখঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি-১৮, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা- অনুলিপি দেয়া হইলো। এ অর্থ প্রদানে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

(মোঃ হেলাল উদ্দীন)

সিনিয়র সহকারী সচিব(বাজেট-১১)
অর্থ বিভাগ

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.২০.০৮৩.১২ (অংশ-২)-২৯৬/১(৭)

তারিখঃ ০৭ মার্চ ২০১৭ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- (১) মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
- (২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৩) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- (৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- (৫) উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
- (৬) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
- ✓ (৭) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল)

মোঃ মাহমুদুল আলম
উপসচিব